



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmeat.gov.bd

অতি জরুরি



প্রধানমন্ত্রীর  
শিক্ষা সহায়তা ট্রাস্ট

স্মারক নং- এইচএসপি/সামাজিক নিরাপত্তা কর্মসূচি/২১৩/২০২৪/৬২

তারিখ: ০৪.০৩.২০২৫ খ্রি.

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র আওতায় উপকারভোগীদের তালিকা যাচাই-বাছাইকরণ সংক্রান্ত।

সূত্র: ১) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সামাজিক নিরাপত্তা সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি (CMC)-র ২০তম সভার কার্যবিবরণী;  
২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ০২.০৩.২০২৫ তারিখের ৩৭.০০.০০০০.০৮৩.০৫.০২১.২৪-৮৫ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রামের (এসইডিপি) অন্তর্ভুক্ত সমন্বিত উপবৃত্তি কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। সমন্বিত উপবৃত্তি কর্মসূচি হতে সারাদেশের সাধারণ শিক্ষা বোর্ড এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে পাঠদানের অনুমতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ থেকে ১২শ ও সমমান শ্রেণিতে অধ্যয়নরত প্রায় ৬২ লাখের অধিক অসচ্ছল পরিবারের শিক্ষার্থীদের প্রতিবছর উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য আর্থিক সহায়তা প্রদান করা হয়।

০২। সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৪৫টি নির্দেশক/সূচক এর ভিত্তিতে তৈরীকৃত প্রশ্নমালার মাধ্যমে HSP-MIS System এ প্রাপ্ত তথ্য বিবেচনায় PMT (Proxy Means Testing) পদ্ধতির মাধ্যমে বর্তমানে সুবিধাভোগী শিক্ষার্থী নির্বাচন করা হয়। প্রতি বছর ৬ষ্ঠ, ৯ম (বিশেষ ক্ষেত্রে) ও ১১শ (মাদ্রাসাসহ) শ্রেণিতে উপবৃত্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হয়। ৬ষ্ঠ, ৯ম (বিশেষ ক্ষেত্রে) শ্রেণিতে উপবৃত্তির জন্য শিক্ষার্থী নির্বাচিত হলে শর্তসাপেক্ষে ১০ম শ্রেণি পর্যন্ত এবং ১১শ শ্রেণিতে উপবৃত্তির জন্য নির্বাচিত হলে শর্তসাপেক্ষে ১২শ শ্রেণি পর্যন্ত নিরবচ্ছিন্নভাবে উপবৃত্তির সুবিধা পেয়ে থাকে। শর্তসমূহ নিম্নরূপ-

- (ক) শতকরা ৭৫ ভাগ কর্মদিবসে শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিত থাকতে হবে;  
(খ) বার্ষিক এবং অর্ধ-বার্ষিক পরীক্ষায় ন্যূনতম শতকরা ৪৫ ভাগ নম্বর পেতে হবে;  
(গ) অবিবাহিত থাকতে হবে।

০৩। বর্ণিত অবস্থায়, তাঁর উপজেলাধীন শিক্ষা প্রতিষ্ঠানে উপরিউক্ত শর্তাদি প্রতিপালন করেনি এরূপ কোন শিক্ষার্থী উপবৃত্তি পাচ্ছে কিনা অথবা কোন বেনামী সুবিধাভোগী শিক্ষার্থী উপবৃত্তির তালিকাভুক্ত আছে কিনা তা যাচাই বাছাই পূর্বক আগামী ১৩.০৩.২০২৫ তারিখের মধ্যে নিম্নোক্ত ছকে hsp@pmeat.gov.bd ই-মেইলে জানানোর জন্য অনুরোধ করা হলো।

‘তথ্য ছক’

উপজেলা/থানা	উপবৃত্তির ধারাবাহিকতা শর্তাদি			বেনামী সুবিধাভোগী শিক্ষার্থীর সংখ্যা
	শতকরা ৭৫ ভাগ প্রাতিষ্ঠানিক কর্মদিবসে উপস্থিত না থাকা শিক্ষার্থীর সংখ্যা	বার্ষিক পরীক্ষায় ন্যূনতম শতকরা ৪৫ ভাগ নম্বর না পাওয়া শিক্ষার্থীর সংখ্যা	অবিবাহিত না থাকা শিক্ষার্থীর সংখ্যা	

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
সকল উপজেলা/থানা।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।  
০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।  
০৩। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।

(মোহাম্মদ আসাদুল হক)  
স্কিম পরিচালক (যুগ্মসচিব)  
ফোন: ০২-৫৫০০২০৭৩